দৈনিক খবর

তাং 08 DEC 1990
পৃষ্ঠা 5 কলাম 7

148

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭৯ জন শিক্ষকের আহবান

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭৯ জন শিক্ষক এক যুক্ত বিবৃতিতে এরশাদ-কাজী জাফর- মোয়াজ্জেম-জাফরুল্লাহ'র সহযোগীদের রাতারাতি

২-এর পাতায় দেখুন

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের

প্রথম পৃষ্ঠার পর

থাকার আহবান জানিয়েছেন।

এক বিবৃতিতে তাঁরা বলেন, নজিরবিহীন গণঅভ্যুত্থানের ফলে গত ৫ই ডিসেম্বর এরশাদ শাহীর পতনের মাধ্যমে বাংলাদেশে গণতন্ত্র প্রতিষ্ঠার যে অভূতপূর্ব সুযোগ সৃষ্টি হয়েছে তা জাতীয় ঐক্যের একটি নতুন অধ্যায়ের সূচনা করেছে। জনগণ যে চেতনা ও প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে এ আন্দোলনে ঝাঁপিয়ে পড়েছিল তা সুসংহত করা আজ জাতীয় দায়িত্ব বলে আমরা মনে করি। জাতির এ ক্রান্তিলগ্নে আমরা লক্ষ্য করছি, শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন সংস্থায় নিয়োজিত কিছুসংখ্যক এরশাদ-কাজী জাফর- শাহ মোয়াজ্জেম- জাফরুল্লাহ চৌধুরী চক্রের সহযোগী নিজেদের পুনঃপ্রতিষ্ঠার জন্য রাতারাতি ভোল পাল্টিয়ে ফেলছে এবং অভ্যুত্থানের মূলধারাকে বিভ্রান্ত করার অপচেষ্টায় লিপ্ত রয়েছে। আমরা দেশবাসীকে এ চক্রান্তের বিরুদ্ধে সজাগ থাকার জন্য আহবান জানাচ্ছি।

বিবৃতিতে স্বাক্ষরকারীদের মধ্যে রয়েছেন অধ্যাপক কে এ এম সাদউদ্দিন, অধ্যাপক মসিহুজ্জামান, অধ্যাপক এম আমিনুল ইসলাম, অধ্যাপক এ বি এম খালেদ, অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, অধ্যাপক রঙ্গলাল সেন, অধ্যাপক দুর্গাদাস ভট্টাচার্য, অধ্যাপক ম আক্তারুজ্জামান, অধ্যাপক আমিনুল ইসলাম, ডঃ খন্দকার বজলুল হক, ডঃ মোস্তফা চৌধুরী, ডঃ হারুন-অর- রশীদ, অধ্যাপক সৈয়দ মকসুদ আলী, ডঃ নূরুন্নাহার ফয়জুন্নেসা, ফেরদৌস হোসেন, ডঃ শেখ আবদুস সালাম।